দৈনিক ইত্তেফাক

তারিখ ... 05 MAR 1994
পৃষ্ঠা ২ কলাম ৮

৪

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষা প্রসঙ্গে

কিছুদিন পূর্বে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৯৯১-১৯৯২ শিক্ষাবর্ষের ডিগ্রি (১৯৯৩-এর জুন-জুলাই-এ অনুষ্ঠিত) পরীক্ষার ফলাফল প্রকাশিত হইয়াছে। ইহাই নাকি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি পরীক্ষার শেষ ব্যাচ। অতঃপর রাজশাহী বিশ্ববিদ্যালয় আর কোন ডিগ্রি পরীক্ষা গ্রহণ করিবে না। এখন হইতে সেশন জট দূর করার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সকল ডিগ্রি (পাস) পরীক্ষা অনুষ্ঠিত হইবে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৯৯১-১৯৯২ শিক্ষাবর্ষের ডিগ্রি পরীক্ষায় প্রায় ৫৫,৬০০ ছাত্র/ছাত্রী অংশ গ্রহণ করিয়াছিল। সব ছাত্র/ছাত্রী পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারে নাই। অনেকে ফেল করিয়াছে। আবার অনেকে রেফার্ড পাইয়াছে। যেসব ছাত্র/ছাত্রী ফেল করিয়াছে তাহাদের ডিগ্রি (পাস) পরীক্ষা রাজশাহী বিশ্ববিদ্যালয় না জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত হইবে এখনও ইহা স্পষ্ট নয়। এই ব্যাপারে ছাত্র/ছাত্রীদের অনিশ্চয়তার মধ্যে থাকাটাই স্বাভাবিক। যাহারা ডিগ্রি (পাস) পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারে নাই তাহাদের পরীক্ষা কবে হইবে তাহারও কোন নিশ্চয়তা নাই। এই ব্যাপারে স্পষ্ট ধারণা দেওয়ার জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয়কে অনুরোধ জানাইতেছি।

—এম, আহমেদ, সরকারী এডওয়ার্ড কলেজ, পাবনা।